

২০২৪

চতুর্থ সেমিস্টার

বাংলা — সাধারণ

পত্র : SEC-B-1 and SEC-B-2

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

SEC-B-1

(ব্যবহারিক বাংলা ও সাহিত্য গবেষণার পদ্ধতিবিজ্ঞান)

পূর্ণমান - ৮০

- ১। (ক) বিজ্ঞানভিত্তিক চাষাবাদ সম্পর্কে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো। ১০
অথবা,
(খ) সমাজের প্রতি তোমার দায় ও কর্তব্য সম্বন্ধে বন্ধুকে একটি পত্র লেখো। ১০
- ২। (ক) ধূমপানের কুফলগুলি তুলে ধরে সংবাদপত্রে প্রকাশযোগ্য একটি বিজ্ঞাপন তৈরি করো। ১০
অথবা,
(খ) নিম্নলিখিত অংশটি বাংলায় অনুবাদ করো— ১০
Everybody needs friends. No persons can be happy without friends. But genuine friend is rare in the world. You can not get love unless you give it. Love be gets love. That is love is to be obtained by giving love in return. Love is the best wealth of life.
- ৩। (ক) গবেষণামূলক রচনার পাণ্ডুলিপি গঠনের বিভাগগুলি আলোচনা করো। ১০
অথবা,
(খ) পাদটীকা ও প্রান্তটীকা কাকে বলে? উদাহরণসহ সূত্র নির্দেশের এই দুই পদ্ধতির পরিচয় দাও। ৫+৫
- ৪। যে-কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। ৫×৬
(ক) সামাজিক বনস্জনের গুরুত্ব কতটা জানিয়ে বন্ধুকে পত্র লেখো।
(খ) প্রাতিষ্ঠানিক পত্রের আঙ্গিকগুলি উল্লেখ করো।
(গ) সংবাদপত্রের প্রতিবেদন রচনার নিয়মগুলি সম্পর্কে আলোচনা করো।

- (ঘ) টীকা লেখো— বিজ্ঞাপনের ভাষা।
- (ঙ) টীকা লেখো— কপিরাইট আইন।
- (চ) টীকা লেখো— নির্ঘণ্ট প্রণয়ন।
- (ছ) টীকা লেখো— ভাবানুবাদ।
- (জ) গবেষণার উদ্দেশ্যগুলি সম্পর্কে আলোচনা করো।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×২০

- (ক) প্রতিবেদক কাকে বলে?
- (খ) ভালো প্রতিবেদনের দু'টি গুণ উল্লেখ করো।
- (গ) ব্যক্তিগত পত্রের দু'টি বৈশিষ্ট্য লেখো।
- (ঘ) সাক্ষাৎকার গ্রহণকারীর একটি আবশ্যিক দক্ষতার উল্লেখ করো।
- (ঙ) দাবিপত্র বলতে কী বোঝো?
- (চ) একটি দৃশ্য-শ্রাব্য মাধ্যমের নাম লেখো।
- (ছ) অভিযোগপত্র বলতে কী বোঝায়?
- (জ) একটি দৃশ্য বিজ্ঞাপনের উদাহরণ দাও।
- (ঝ) বিজ্ঞাপনদাতার প্রধান লক্ষ্য কী?
- (ঞ) বিজ্ঞাপনের দু'টি খারাপ দিক উল্লেখ করো।
- (ট) প্রত্যক্ষ উক্তি কাকে বলে?
- (ঠ) 'Finish the work while there is time yet.' — বাংলায় অনুবাদ করো।
- (ড) 'You must have done it.' — বাংলায় অনুবাদ করো।
- (ঢ) 'He is too tired to work.' — বাংলায় অনুবাদ করো।
- (ণ) 'They put off the meeting.' — বাংলায় অনুবাদ করো।
- (ত) আদর্শ বাংলা বাক্যে ক্রিয়া কোথায় বসে?
- (থ) গবেষণার ক্ষেত্রে অলিখিত দু'টি উপাদানের নাম লেখো।
- (দ) স্বাধীন ভারতে কপিরাইট আইন কবে প্রবর্তিত হয়?
- (ধ) নির্ঘণ্ট গবেষণামূলক গ্রন্থের কোন অংশে থাকে?
- (ন) 'কপিরাইট'-এর বাংলা প্রতিশব্দ কী?

SEC-B-2

(ব্যবহারিক বাংলা - ২)

পূর্ণমান - ৮০

- ১। (ক) নীচের অসমাপ্ত গল্পসূত্রটি অবলম্বন করে অনধিক ৩০০ শব্দের মধ্যে শিরোনামসহ একটি গল্প রচনা করো। ১০
এক বৃদ্ধ শকুনিকে পাখিগুলি খাবার দেয়, তার পরিবর্তে সে পাখিদের বাচ্চাগুলিকে রক্ষণাবেক্ষণ করে। একদিন পাখিদের অবর্তমানে একটা বিড়াল এসে শকুনির বিশ্বাস উৎপাদন করে বাচ্চাগুলি খেয়ে গেল।
অথবা,
(খ) প্রবন্ধ লেখো (কমবেশি ৩০০ শব্দের মধ্যে) — ১০
অনলাইন শিক্ষাব্যবস্থার সুবিধা ও অসুবিধা।
- ২। (ক) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি গৃহীত বাংলা বানান বিধি অনুসরণে তৎসম শব্দের বানান বিষয়ে আলোচনা করো। ১০
অথবা,
(খ) বাংলায় বানান ভুলের কারণগুলি আলোচনা করো। ১০
- ৩। (ক) রোমীয় বর্ণমালার উদ্ভব সম্পর্কে আলোচনা করে রোমান লিপি ব্যবহারের উপযোগিতা সম্পর্কে লেখো। ১০
অথবা,
(খ) নীচের অনুচ্ছেদটি আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় (IPA) লিপ্যন্তর করো। ১০
তুমি বসন্তের কোকিল, বেশ লোক। যখন ফুল ফুটে, দক্ষিণ বাতাস বহে, এ সংসার সুখের স্পর্শে শিহরিয়া উঠে, তখন তুমি আসিয়া রসিকতা আরম্ভ করো। আর যখন দারুন শীতে জীবলোকে থরথরি কম্প লাগে, তখন কোথায় থাক বাপু?
- ৪। যে-কোনো ছয়টি বিষয়ে সংক্ষেপে আলোচনা করো — ৫x৬
(ক) ব্যক্তিগত প্রবন্ধের বৈশিষ্ট্য।
(খ) সামাজিক গল্পের বৈশিষ্ট্য।
(গ) অর্ধতৎসম শব্দের বানান প্রসঙ্গে পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির নির্দেশ।
(ঘ) নীচের বর্ণগুলির রোমীয় রূপ লেখো —
ঐ, ণ, ত, ঞ, শ, ষ, ক, চ, ট, প
(ঙ) প্রদত্ত শব্দগুলির শুদ্ধ রূপটি চিহ্নিত করো —
খ্রিস্টাব্দ/খ্রিস্টাব্দ, ডিস/ডিশ, প্রশ্রবণ/প্রশ্রবণ, বাঙালি/বাঙালী।

- (চ) বিদেশি শব্দের বাংলা প্রতিবর্ণীকরণে পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির নির্দেশ।
- (ছ) আন্তর্জাতিক ধ্বনিলিপিতে লিপ্যন্তরের কয়েকটি নিয়ম লেখো।
- (জ) রোমীয় বর্ণমালায় দীর্ঘস্বরের বর্ণীকরণ পদ্ধতি। (দৃষ্টান্তসহ)

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×২০

- (ক) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত একটি প্রবন্ধ গ্রন্থের নাম লেখো।
- (খ) প্রবন্ধ শব্দের অর্থ কী?
- (গ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের লেখা একটি ছোটগল্পের নাম লেখো।
- (ঘ) ক্লাশ/ক্লাস— কোন বানানটি ঠিক?
- (ঙ) একটি উদাহরণ দিয়ে IPA-তে চন্দ্রবিন্দুর ব্যবহারিক প্রয়োগ দেখাও।
- (চ) রোমীয় বর্ণমালায় 'ই' কীভাবে লেখা হয়?
- (ছ) চাঁদ শব্দটি IPA-তে লেখো।
- (জ) 'চলন্তিকা' অভিধানের সংকলকের নাম লেখো।
- (ঝ) রোমীয় বর্ণমালার বর্ণসংখ্যা কত?
- (ঞ) বাংলা বানান সংস্কারের কাজে নিযুক্ত ছিলেন এমন একজন মনীষীর নাম লেখো।
- (ট) কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বানান সংস্কারের প্রথম বিধি কত সালে প্রকাশিত হয়।
- (ঠ) তারাক্ষর বন্দ্যোপাধ্যায়ের লেখা একটি ছোটগল্পের নাম লেখো।
- (ড) কালীপ্রসন্ন সিংহ— IPA-তে লেখো।
- (ঢ) 'ফ্' ধ্বনিটি IPA-তে কীভাবে লিখতে হয়?
- (ণ) বিদ্যাসাগর রচিত একটি প্রবন্ধের নাম লেখো।
- (ত) 'সাহিত্য' প্রবন্ধ গ্রন্থ কার রচনা?
- (থ) স্বর্ণকুমারী দেবী— রোমীয় লিপিতে লেখো।
- (দ) IPA-তে লিপ্যন্তীকরণে / / এই চিহ্ন কেন দেওয়া হয়?
- (ধ) রোমীয় বর্ণমালায় 'আ' কীভাবে লেখা হয়?
- (ন) প্রথম সার্থক বাংলা ছোটগল্পের স্রষ্টা কে?